

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪৪৪৩

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - চুল আঁচড়ানো

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «طِيبُ الرَّجَالِ مَا ظَهَرَ رِيحُهُ وَخَفِيَ لَوْنُهُ وَطِيبُ النِّسَاءِ مَا ظَهَرَ لَوْنُهُ وَخَفِيَ رِيحُهُ». رَوَاهُ التِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ

বাংলা

৪৪৪৩-[২৫] আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পুরুষদের সুগন্ধি তাই যার গন্ধ ছড়ায় হয় আর রং ভাসে না। আর মহিলাদের সুগন্ধির রং উজ্জ্বল এবং গন্ধ ছড়ায় হয় না। (তিরমিযী ও নাসায়ী)[১]

ফুটনোট

[১] সহীহ : তিরমিযী ২৭৮৭, ২৭৮৮, নাসায়ী ৫১১৭, ৫১১৮, সহীহুল জামি'উস্ সগীর ৩৯৩৭, মুসান্নাফ আবদুর রায্যাক ৭৯৩৮, আল মু'জামুল আওসাত্ ৬৯৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্কী ৬১৮৭, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৪৭২৮, আহমাদ ১৯৯৭৫, আবু দাউদ ৪০৪৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (طِيبُ الرَّجَالِ مَا ظَهَرَ رِيحُهُ) 'ত্বীব' শব্দটি মাসদার হিসেবে সুগন্ধি ব্যবহার করা অর্থে হতে পারে, আবার স্বয়ং সুগন্ধি যা ব্যবহার করা হয় তা হতে পারে। আর সুবাস প্রকাশিত বলতে, যেমন : গোলাপ জল, মিশক, আম্বর ও কর্পুর ইত্যাদি।

(مَا ظَهَرَ رِيحُهُ وَخَفِيَ لَوْنُهُ) যার রং প্রকাশিত কিন্তু সুগন্ধি প্রকাশিত নয়। অর্থাৎ রং দেখা যায়, কিন্তু সুবাস ছড়ায় না, যেমন : মেহেদী, যা'ফরান ইত্যাদি। শারহুস্ সুন্নাহয় লিখেন, মেয়েদের সুবাস ছড়ায় না এমন রঙের ব্যবহারের নিষেধটি ফুকাহায়ে কিরাম ঘর থেকে বের হওয়ার সময়ে নিয়েছেন বলেই মনে হয়। কেননা মহিলা যখন ঘরে স্বামীর কাছে থাকে তখন তার জন্য যে কোন সুগন্ধি ব্যবহার বৈধ। মহিলাদের জন্য সুবাস ছড়ানো সুগন্ধির ব্যবহারের নিষেধাজ্ঞাটি কেবল ঘর হতে বের হওয়ার সাথে সংশ্লিষ্টের ব্যাপারটি অন্য হাদীস দ্বারাও সমর্থিত।

যেমন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন- **أَيُّمَا امْرَأَةٍ أَصَابَتْ بِخُورٍ فَلَا تَشْهَدْ مَعَنَا الْعِشَاءَ الْآخِرَةَ** - “যে মহিলাই ‘বাখূর’ (সুগন্ধি কাঠের ধুন থেকে গৃহীত সুগন্ধি) ব্যবহার করবে, সে যেন ‘ইশার সালাতে আমাদের সাথে উপস্থিত না হয়।” (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75167>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন